গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
আইসিটি শাখা

## বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২০ সেপ্টেম্বর/২০২১ |
| সভার সময় | বেলা ১.৪৫ ঘটিকা |
| স্থান | বিভাগীয় কমিশনার, রাজশাহীর সম্মেলন কক্ষ (জুম সফটওয়্যারের মাধ্যমে |
| উপস্থিতি | ... |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় জানানো হয় যে, জনগণের দোরগোড়ায় ই-সেবা নিশ্চিত করাসহ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে ই-সেবা কার্যক্রম বাস্তবায়ন এবং নেতৃত্ব প্রদানের জন্য একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ ও একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের যৌথ উদ্যোগে নাগরিক সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সারাদেশের ন্যায় রাজশাহী বিভাগে বিভাগীয় পর্যায়ে নাগরিক সেবায় উদ্ভাবনী বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণ স্ব স্ব দপ্তরে বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করেছেন এবং দপ্তর প্রধানগণ নিয়মিত তাদের কাজকে মনিটরিং করছেন।

০২। সভায় আরোও জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর বাস্তবায়নের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিভাগীয় ও জেলা বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রয়েছে। অত:পর কার্যপত্র অনুযায়ী সভার কাজ আরম্ভ করার জন্য অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ, রাজশাহীকে অনুরোধ করা হয়। সভায় সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন। অত:পর সভায় নিম্নরূপ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | **গত সভার কার্যবিবরণী অনুমোদন:**<br>গত ১৭ মে ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনীর প্রয়োজনীয়তা আছে কিনা তা সদস্যদের নিকট জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ সংশোধনী নাই মর্মে সভাকে অবহিত করেন। | গত ১৭ মে ২০২১ খ্রি.তারিখে অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ |
| ২. | **পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার:**<br>১৭ মে ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভায় ৭টি সিদ্ধান্ত গৃহীত যার মধ্যে ৬টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। সিদ্ধান্ত বাস্তবায়ন হার ৯০% | সিদ্ধান্ত বাস্তবায়ন হার শতভাগ করার চেষ্টা অব্যাহত রাখতে হবে। | বিভাগীয় ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |

| | | | |
|---|---|---|---|
| ৩. | **জেলা ভিত্তিক উদ্ভাবন:**<br>১) সভায়, এ বিভাগে গৃহীত জেলা ভিত্তিক ২০২১-২০২২ অর্থ বছরে উদ্ভাবনী প্রকল্পগুলো জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে উপজেলা ভিত্তিক (প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ, উদ্ভাবকের নাম, বাস্তবায়নকারীর নাম, পদবী ও মোবাইল নম্বরসহ) এবং মেন্টরের নাম, প্রকল্প শুরুর তারিখ, প্রত্যাশিত ফলাফল, উপকারভোগী উল্লেখপূর্বক আপলোডসহ পাইলট প্রকল্পগুলো বাস্তবায়ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়<br><br>২) ২০২১-২০২২ অর্থ বছরে জেলা পর্যায়ে ০১টি সেবা সহজীকরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১) জেলা ভিত্তিক ২০২১-২০২২ অর্থ বছরে উদ্ভাবনী প্রকল্পগুলো জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে উপজেলা ভিত্তিক (প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ, উদ্ভাবকের নাম, বাস্তবায়নকারীর নাম, পদবী ও মোবাইল নম্বরসহ) এবং মেন্টরের নাম, প্রকল্প শুরুর তারিখ, প্রত্যাশিত ফলাফল, উপকারভোগী উল্লেখপূর্বক আপলোডসহ পাইলট প্রকল্পগুলো বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>২) ২০২১-২০২২ অর্থ বছরে জেলা পর্যায়ে ০১টি সেবা সহজী করণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৪. | **উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন ও মনিটরিং:**<br>সভায়, মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ |
| ৫. | **বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা :**<br>সভায়, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং বিভাগীয় ও জেলা পর্যায়ের ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে ইনোভেশন টিম/ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনাসহ ইনোভেশন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও ছবি নিয়মিত আপলোড করণের বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন। | ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং বিভাগীয় ও জেলা পর্যায়ের ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে ইনোভেশন টিম/ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনাসহ ইনোভেশন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও ছবি নিয়মিত আপলোড নিশ্চিত করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/ বিভাগীয় দপ্তর প্রধানগণ। |

| | | | |
|---|---|---|---|
| ৬. | **ইনোভেশন টিমের সভা :**<br>জেলা ও উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত আয়োজন এবং সভার কার্যবিবরণী  মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ পূর্বক স্ব-স্ব ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করার জন্য জেলা প্রশাসকগণকে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | জেলা ও উপজেলায় ইনোভেশন টিমের সভা আয়োজন করে সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ পূর্বক স্ব-স্ব ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/ বিভাগীয় দপ্তর প্রধানগণ। |
| ৭. | **মাসিক উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা :**<br>উপজেলা/জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন কার্যক্রম নিয়ে আলোচনা করার উপর গুরুত্ব আরোপ করা হয়। সভায় আরও বলা হয়, সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা হলে এক দপ্তর অন্য দপ্তরের ইনোভেশন কার্যক্রম সম্পর্কে জানতে পারবে যা ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহায়ক হবে। | উপজেলা/ জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় বিভিন্ন দপ্তরের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত বিষয়ে আলোচনা করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ। |
| ৮. | **ওয়েব পোর্টাল হালনাগাদ :**<br>১২/০৫/২০২১ খ্রি. তারিখে এ বিভাগের বিভিন্ন জেলার ওয়েব পোর্টাল পর্যালোচনায় জেলাসমূহে জেলা প্রশাসন ও অন্যান্য দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদের নিম্নরূপ চিত্র পাওয়া যায়: বিভাগীয় প্রশাসন ১০০% অন্যান্য ৯৬.৬২%), (সিরাজগঞ্জ জেলা প্রশাসন ৯৯.৮০% অন্যান্য ৯৬.৫৫%), (পাবনা জেলা প্রশাসন ৯৯.৮৯% অন্যান্য ৯৭.২৯%), (বগুড়া জেলা প্রশাসন ১০০% অন্যান্য ৯৬.১৭%), (রাজশাহী জেলা প্রশাসন ১০০% অন্যান্য ৯৪.৪৭%), (নাটোর জেলা প্রশাসন ১০০% অন্যান্য ৮৯.৩৯%), (জয়পুরহাট জেলা প্রশাসন ১০০% অন্যান্য ৯১.৮৮%), (চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসন ১০০% অন্যান্য ৯৫.২৫%), (নওগাঁ ১০০% অন্যান্য ৮৯.৫৮%)। প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালে তথ্য নিয়মিত হালনাগাদ রাখার জন্য জেলা প্রশাসক ও অন্যান্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়। এ বিষয়ে প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার এর সহায়তা নিতে হবে। | জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত হালনাগাদ করাসহ নিজ নিজ দপ্তরের রিপোর্ট ১০০% করার চেষ্টা অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ<br><br>৩। সহকারী প্রোগ্রামার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী |
| ৯. | **ইনোভেশন শোকেসিং-২০২১:**<br>চলতি অর্থ বছরে ইনোভেশন শোকেসিং আয়োজনের বিষয়ে এখনো কোন নির্দেশনা পাওয়া যায়নি। তবে সভাপতি জানান, পরিস্থিতি স্বাভাবিক হলে ইনোভেশন শোকেসিং ২০২১ আগামী ডিসেম্বর মাসে আয়োজন করা হবে, সে জন্য প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করে রাখতে হবে। তিনি প্রতিটি জেলায় সেরা ০৩ টি করে উদ্ভাবনী উদ্যোগ বাছাই করে রাখার পরামর্শও প্রদান করেন। | বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে ইনোভেশন শোকেসিং আয়োজন এর জন্য প্রয়োজনীয় প্রস্তুতি রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য |

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. মো: হুমায়ুন কবীর
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১৭.০২.০০১.২১.৫৭

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৮
২৮ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
৪) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
৫) অতিরিক্ত উপ-মহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৬) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৭) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
১০) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
১১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
১২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
১৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
১৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
১৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
১৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
১৭) প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
১৮) পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, রাজশাহী
১৯) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী
২০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী
২১) বিভাগীয় উপপরিচালক, বিভাগীয় মৎস অধিদপ্তর, রাজশাহী
২২) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল
২৩) উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, রাজশাহী
২৪) কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী (মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

এ. এন. এম. মঈনুল ইসলাম
অতিরিক্ত বিভাগীয় কমিশনার